# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 09-05-2025 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর -

১) বিদেশমন্ত্রক জানিয়েছে, পশ্চিমাঞ্চলীয় সীমান্ত লাগোয়া ৩৬-টি জায়গায় গতরাতে পাকিস্তান ড্রোণ আক্রমণ চালালেও বেশিরভাগ ড্রোণকেই ভারতীয় সশস্ত্র সেনা বাহিনী গুলি করে নামিয়েছে।

২) দেশে যথেষ্ট পরিমাণে খাদ্য মজুত রয়েছে, এবং এর যোগান নিয়ে উদ্বিগ্ন হওয়ার কোন কারণ নেই বলে কেন্দ্র জানিয়েছে।

৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলকে প্রয়োজনে অসামরিক প্রতিরক্ষা আইনের আওতায় জরুরী ক্ষমতা প্রয়োগ করতে বলেছে।

৪) দেশের চলতি আবহে রাজ্যজুড়ে পুলিশী নজরদারি বাড়ানো হচ্ছে। প্রস্তুত কলকাতা পুলিশও।

৫) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৪-তম জন্ম বার্ষিকীতে আজ তাঁরই রচনার মাধ্যমে কবিগুরুকে শ্রদ্ধা জানাচ্ছেন সংস্কৃতিমহল থেকে সাধারণ মানুষ।

৬) বাংলাদেশের বিতর্কিত লেখিকা তসলিমা নাসরিন ভারতের যেকোন জায়গায় যেতে পারেন বলে কেন্দ্র জানিয়ে দিয়েছে।

oooooooooooooooooooooo

বিদেশমন্ত্রক জানিয়েছে, গতরাতে লেহ্ থেকে সারক্রিক পর্যন্ত ৩৬-টি জায়গায় পাকিস্তান অনুপ্রবেশের চেষ্টা চালিয়েছে। এজন্য কমপক্ষে ৪-শোটি ড্রোণ ব্যবহার করেছে

তারা। ভারতীয় সশস্ত্র সেনা বাহিনী এর মধ্যে বেশিরভাগ ড্রোণকেই গুলি করে নামাতে সমর্থ হয়। নতুন দিল্লিতে আজ এক বিশেষ সাংবাদিক বৈঠকে ভারতীয় সেনা কর্ণেল সোফিয়া কুরেশি জানান, সমগ্র পশ্চিমাঞ্চলীয় সীমান্তজুড়ে সেনা ঘাঁটি লক্ষ্য করে পাক বাহিনী একাধিকবার ভারতীয় আকাশসীমা লঙ্ঘন করে।

(বাইট – সোফিয়া)

তিনি বলেন, ভেঙে পড়া ড্রোণগুলির ধ্বংসাবশেষ ফরেন্সিক পরীক্ষার পর যে প্রাথমিক রিপোর্ট হাতে এসেছে, তাতে দেখা গেছে এগুলি তুরস্কে নির্মিত।

উইন কমান্ডার ব্যোমিকা সিং জানান, পাকিস্তানের হামলার জবাবে সেদেশের চারটি এয়ার ডিফেন্স সাইটে ভারতীয় সশস্ত্র ড্রোণকে কাজে লাগানো হয়। এর মধ্যে একটি ড্রোণ  এয়ার ডিফেন্স রাডার ধ্বংস করতে সক্ষম হয়েছে। নিয়ন্ত্রণ রেখা বরাবর পাকিস্তানের গোলাবর্ষণে ভারতীয় সেনা বাহিনীর কিছু ক্ষয়ক্ষতি হয়েছে। আহত হয়েছেন কয়েকজন জওয়ান।

অন্যদিকে, ভারতের প্রত্যাঘাতে পাকিস্তান সেনাবাহিনীর ব্যাপক ক্ষতি হয়েছে।

ওই সাংবাদিক বৈঠক থেকেই বিদেশ সচিব বিক্রম মিশ্রি বলেন, পাকিস্তান গতরাতে ভারতের সেনা ঘাঁটি ছাড়াও ভারতের বিভিন্ন শহর এবং নাগরিক পরিকাঠামো লক্ষ্য করে হামলা চালায়। এধরনের পদক্ষেপ প্ররোচনামূলক এবং উত্তেজনা বাড়াতেই নেওয়া হচ্ছে । বিদেশ সচিব জানান, ভারতীয় সশস্ত্র সেনা যথাযথ এবং অত্যন্ত দায়িত্বের সঙ্গে প্রতিটি আক্রমণের যোগ্য জবাব দিয়েছে।

(বাইট – বিক্রম মিশ্রি)

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, দেশে যথেষ্ট পরিমাণে খাদ্য মজুত রয়েছে। যে কোন জরুরি পরিস্থিতিতে তিনি নাগরিকদের শান্ত থাকার আহ্বান জানিয়ে বলেন,  দেশে খুব ভালো ফলন হয়েছে এবং আগামী মরশুমেও

ভালো ফলন হওয়ার অনুকূল পরিবেশ রয়েছে। নতুন দিল্লিতে সাংবাদিকদের আজ তিনি বলেন, সরকার জম্মু-কাশ্মীর ও পাঞ্জাবের মতো রাজ্য সরকারগুলির মুখ্যমন্ত্রীদের সঙ্গে কথা বলে  বীজ ও ফসল সামগ্রীর সরবরাহ বন্দোবস্ত সুনিশ্চিত করবে।

(বাইট – শিবরাজ সিং)

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিব ও প্রশাসকদের প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা নিতে বলেছে। অসামরিক প্রতিরক্ষা আইনের আওতায় সতর্কতামুলক ব্যবস্থা রূপায়নে মন্ত্রক, তাদের জরুরী ক্ষমতা প্রয়োগ করতেও বলেছে।

বিসিসিআই উদ্ভুত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এক সপ্তাহর জন্য আইপিএল প্রতিযোগিতা স্থগিত রাখার সিদ্ধান্ত ঘোষণা করেছে। এক বিবৃতিতে বিসিসিআই জানিয়েছে, কাশ্মীরকে কেন্দ্র করে ভারত ও পাকিস্তানের মধ্যে সীমান্ত বিরোধ জনিত কারণেই এই সিদ্ধান্ত। পরিস্থিতি পুনর্বিবেচনা করে এবং সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে কথা বলে, পরে পরিবর্তিত ক্রীড়াসূচি ঘোষণা করা হবে বলে বোর্ড ঘোষণা করেছে।

oooooooooooooooooooooo

সরকার নিরাপত্তা বাহিনীর সবরকম তৎপরতা লাইভ কাভারেজ না দেখানোর জন্য সমস্ত সংবাদমাধ্যম, ডিজিটাল প্ল্যাটফর্ম এবং ব্যক্তি বিশেষকে বলেছে। সমাজমাধ্যমের এক বার্তায় মন্ত্রক বলেছে, এধরনের স্পর্শকাতর তৎপরতা নির্দিষ্ট তথ্য -সেনা অভিযানের কার্যকারিতা এবং মানুষের জীবনকে বিপন্ন করতে পারে। মন্ত্রক আরও বলেছে, কার্গিল যুদ্ধ, ২৬/১১ হামলা এবং কান্দাহার অপহরণ  কান্ডে - এধরনের লাইভ কাভারেজ যথেষ্ট ঝুঁকিপূর্ণ বলে প্রমাণিত হয়েছে। এর প্রেক্ষিতেই সরকার এই নির্দেশ।

oooooooooooooooooooo

ভারত – পাকিস্তানের মধ্যে সামরিক উত্তেজনার আবহে রাজ্যজুড়ে পুলিশী নজরদারি বাড়ানো হচ্ছে। পুলিশের শীর্ষ স্তর থেকে রাজ্যের সমস্ত থানা এলাকায় সিসিটিভির মাধ্যমে নজরদারি চালানো হবে। প্রায় সাড়ে ৭-শো থানার মধ্যে অধিকাংশই সিসিটিভির আওতায় এসেছে। ওই ক্যামেরার ফিড রাজ্য সচিবালয় নবান্নের কন্ট্রোলরুমে সরাসরি সম্প্রচারিত হচ্ছে। ক্যামেরাগুলির সঙ্গে রাজ্য পুলিশের মহানির্দেশকের দফতরের কন্ট্রোলরুমও যুক্ত করা হচ্ছে। এরফলে তৃণমূলস্তর পর্যন্ত পুলিশের শীর্ষ কর্তারা সরাসরি নজর রাখতে পারবেন।

এদিকে, শহর কলকাতার নিরাপত্তার বিষয়ে পুলিশ সম্পূর্ণ প্রস্তুত বলে নগরপাল মনোজ ভার্মা জানিয়েছেন। আজ সাংবাদিকদের তিনি বলেন, সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে ইতিমধ্যেই কলকাতা পুলিশের বিভিন্ন বিভাগের সঙ্গে সমন্বয় বৈঠক করা হয়েছে।

অন্যদিকে, এরাজ্যের উত্তর-পূর্ব সীমান্ত সংলগ্ন বিভিন্ন রেল স্টেশনেও যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট – কপিঞ্জল)

একই সঙ্গে কলকাতা বিমানবন্দরে জারি করা হয়েছে হাই অ্যালার্ট। সি আই এস এফ কর্মীদের ছুটি বাতিলের পাশাপাশি এক নির্দেশিকায় জানানো হয়েছে, এরাইভাল বা ডিপারচার এরিয়ায় কোনরকম গাড়ি দাঁড়াতে দেওয়া হচ্ছে না। যাত্রী সুরক্ষা নিয়ে ডিসি ব্যুরো অফ সিভিল অ্যাভিয়েশন সিকিউরিটি আজ একটি বেঠক করেন। বিমানবন্দরের সমস্ত সিসিটিভি যাতে সক্রিয় থাকে তা নিশ্চিত করতে বলা হয়েছে। এছাড়াও বিমানবন্দরে আগত যাত্রী এবং কর্মীদের পরিচয়পত্র যথাযথভাবে পরীক্ষা করার নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। একাধিক সতর্কতামূলক অন্যান্য নির্দেশিকাও আজ জারি করা হয়েছে।

দেশের বর্তমান পরিস্থিতিতে রাজ্য বিধানসভার নিরাপত্তায় কোন রকম শিথিলতা দেখানো হচ্ছে না বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। আজ বিধানসভায় রবীন্দ্রজয়ন্তীর অনুষ্ঠানে যোগ দেওয়ার পর শ্রী বন্দ্যোপাধ্যায় বলেন, পরিস্থিতির ওপর

নিয়মিত নজর রাখা হচ্ছে। যেকোন বিপর্যয় মোকাবিলায় নেওয়া হচ্ছে সব ধরনের ব্যবস্থা। তবে, কর্মীদের অযথা আতঙ্কিত না হওয়ার পরামর্শও দেন তিনি।

oooooooooooooooooooooo

পাকিস্তান প্রত্যাঘাত চাইছে বলেই তাদের যোগ্য জবাব দেওয়া হচ্ছে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী তথা বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। উত্তর ২৪ পরগনার বারাসাতে আজ এক অনুষ্ঠানে যোগ দিয়ে সুকান্ত বাবু বলেন, পহেলগাঁওতে হওয়া বর্বরোচিত আক্রমনের জবাবেই ভারত সন্ত্রাসবাদীদের ঘাঁটি লক্ষ্য করে হামলা চালিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শীতা ভারতীয় সেনাকে আরো শক্তিশালী করে তুলেছে বলেও উল্লেখ করেন তিনি।

ভারতীয় বীর সেনানী দের কুর্নিশ জানিয়ে আজ কলকাতায় জয় হিন্দ পদযাত্রা করে কংগ্রেস। প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবন থেকে পদযাত্রা মৌলালি পর্যন্ত যায়।

oooooooooooooooooooo

দেশজুড়ে বর্তমান উত্তেজনাকর পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আকাশবাণীর সংবাদ সেবা বিভাগ বেশকিছু সংবাদের সময়সীমা বাড়িয়েছে। দিল্লি থেকে ঘণ্টায় ঘণ্টায় প্রচারিত সমস্ত হিন্দি ও ইংরেজি বুলেটিনের সময় আজ বেলা ১২টা থেকে ৫ মিনিট করে বাড়ানো হয়েছে। এর প্রেক্ষিতে পরবর্তী ঘোষণা না হওয়া পর্যন্ত এফএম রেনবোয় ঘণ্টায় ঘণ্টায় প্রচারিত হেডলাইন আপাতত স্থগিত থাকছে। সকাল ১০টা ১০ মিনিটের স্থানীয় সংবাদ প্রচারিত হবে ১০টা ২০ মিনিটে। বিকেল ৫টা ১০ এর খবর শোনা যাবে ৫টা ২০ মিনিট থেকে। রাত ৮টা ১০ মিনিটের খেলার খবর আজ থেকে প্রচারিত হবে রাত ৮টা ২০ মিনিটে সঞ্চয়িতা ও বিবিধ ভারতী প্রচার তরঙ্গে।

oooooooooooooooooooooooo

আজ ২৫-শে বৈশাখ। সমগ্র দেশজুড়ে আজ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৪-তম জন্ম বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হচ্ছে। তাঁরই গান, কবিতা, নাটক এবং

নাচের মাধ্যমে কবিগুরুকে শ্রদ্ধা জানাচ্ছেন সংস্কৃতিমহল থেকে সাধারণ মানুষ সকলেই ।

(ইনসার্ট আকাশজুড়ে)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রবীন্দ্রজয়ন্তীতে সামাজিক মাধ্যমের এক বার্তায় বলেছেন, দেশের সাহিত্য এবং সংস্কৃতির ঐতিহ্য গড়ে তুলতে গুরুদেবকে চিরকাল স্মরণ করা হবে। শান্তিনিকেতনে প্রকৃতির মাঝে শিক্ষালাভের যে পরিবেশ তিনি গড়ে তুলেছিলেন তা এক অনুপ্রেরণা হয়ে থাকবে। রাজ্যের বিভিন্ন অনুষ্ঠান নিয়ে একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

oooooooooooooooooooooo

বাংলাদেশের বিতর্কিত লেখিকা তসলিমা নাসরিন ভারতের যেকোনো জায়গায় যেতে পারেন বলে বিদেশমন্ত্রক জানিয়েছে। বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য রাজ্যসভায় ডঃ নাসরিনের নিরাপদে কলকাতায় ফেরার বিষয়টি রাজ্যসভায় উত্থাপন করেছিলেন। তার পরিপ্রেক্ষিতে বিদেশ প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং শ্রী ভট্টাচার্যকে লেখা এক চিঠিতে বলেছেন, ডঃ তসলিমা নাসরিনকে ভারতীয় ভিসা মঞ্জুর করা হয়েছে। সংশ্লিষ্ট বর্তমান বিধি অনুযায়ী তাঁর এদেশের কোথাও যেতে কোনো বাধা নেই।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo